

সেকশন-১

উপজলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর, বাগেরহাট এর
রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ, প্রধান কার্যাবলি

১.১ **রূপকল্প (Vision) :** সুখী, সমৃদ্ধ ও নিরাপদ রাষ্ট্র গঠনে দেশের সর্বত্র শান্তি, শৃঙ্খলা, উন্নয়ন ও নিরাপত্তা
বিধান।

১.২ **অভিলক্ষ্য (Mission) :**

- ১। জননিরাপত্তা ও দুর্যোগ মোকাবেলা কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ;
- ২। আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর স্বেচ্ছাসেবী সদস্য-সদস্যাকে মানব সম্পদে রূপান্তরের মাধ্যমে
দেশের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন;
- ৩। সরকারের নির্দেশে আইন শৃঙ্খলা রক্ষা ও আভিযানিক কার্যক্রমে অন্যান্য বাহিনীর সাথে অংশগ্রহণ;

১.৩ **কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) :**

১.৩.১ বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

১. বিভিন্ন কারিগরি ও পেশাভিত্তিক প্রশিক্ষণ প্রদান করে মানব সম্পদ উন্নয়নের মাধ্যমে দেশের
আর্থ-সামাজিক অবস্থার উন্নতি করা;
২. বিভিন্ন সরকারি/বেসরকারি সংস্থা, স্থাপনা ও প্রতিষ্ঠানের নিরাপত্তা প্রদান করা;
৩. পার্বত্য এলাকা ও দক্ষিণ-পশ্চিমাঞ্চলসহ সমগ্র দেশে জননিরাপত্তামূলক কাজে অংশগ্রহণ;
৪. যে কোন দুর্যোগ মোকাবেলা ও দুর্যোগ ব্যবস্থাপনার জন্য ভলান্টিয়ার তৈরি;

১.৩.২ বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী অধিদপ্তরের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

১. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি;
২. দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ;
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন;

বর্ণিত কৌশলগত উদ্দেশ্য সমূহ বাস্তবায়নে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী সদর দপ্তরের নির্দেশনা অনুযায়ী
কার্যক্রম পরিচালনা করা।

১.৪ **কার্যাবলি (Functions)**

১. সরকারী-বেসরকারী গুরুত্বপূর্ণ স্থাপনা, প্রতিষ্ঠান ও সংস্থায় নিরাপত্তা দানের কাজে আনসার বাহিনী
অঙ্গীভূত করা;
২. আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য-সদস্যাদের মৌলিক প্রশিক্ষণসহ বিভিন্ন পেশাভিত্তিক ও
কারিগরি প্রশিক্ষণ দানের মাধ্যমে মানব সম্পদে উন্নতি করা;
৩. জাতীয় ও স্থানীয় পর্যায়ের নির্বাচন, দুর্গাপূজাসহ বিভিন্ন রাষ্ট্রীয় ও ধর্মীয় অনুষ্ঠানাদির নিরাপত্তায়
আনসার সদস্যদের নিয়োজিত করা;
৪. জাতীয় দুর্যোগ মোকাবেলায় প্রশিক্ষণ দানের মাধ্যমে ভলান্টিয়ার তৈরি করা এবং দুর্যোগ ব্যবস্থাপনায়
অংশগ্রহণ করা;
৫. বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীতে নৃতন সদস্য-সদস্যা প্লাটুনভুক্ত করা;
৬. বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের মাধ্যমে ভোক ও অবকাঠামো সুবিধাদি নিশ্চিত করা;